

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি সভার কার্য বিবরণী

সভাপতি : মো: লিয়াকত আলী
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
স্থান : ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
তারিখ : ০৬/০২/২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেখানো হলো।


কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভাপতি মো: লিয়াকত আলী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে/দায়িত্ব
০১	গত সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন	সভায় গত সভার রেজুলেশন পাঠ করে শুনানো হয়। কোন কিছু সংযোজন বা বিয়োজন করার প্রয়োজন নেই।	কোন সংযোজন ও বিয়োজন না থাকায় গত সভার রেজুলেশন সর্বসম্মতি ভাবে অনুমোদন করা হয়।	
০২	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণ।	সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, (১) জৈব সার (ভার্মি কম্পোষ্ট) উৎপাদনে কৃষকদের প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। প্রশিক্ষণটি বাস্তবায়ন করা সম্ভব হলে অংশগ্রহনকারীগণ ভার্মি কম্পোষ্ট তৈরীতে দক্ষতা অর্জিত হবে। ফলে কৃষি ক্ষেত্রে রাসায়নিক সারের প্রয়োগের মাত্রা অনেকাংশে হ্রাস পাবে। তিনি আরো জানান যে, (২) সরকারী বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও নির্বাচিত জনপ্রতিনিধিগণের দুর্নীতি বিরোধী ও শুদ্ধচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। ফলে সরকারী সেবা প্রদানের ক্ষেত্রে সচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হবে ও গতিশীলতা বৃদ্ধি পাবে।	সভায় উপ-প্রকল্প দুটি অগ্রাধিকার ভিত্তিতে অনুমোদনের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে দায়িত্ব প্রদান করা হয়।
০৩	বিভাগের চলমান কার্যক্রম প্রসঙ্গে।	সভায় জানানো হয় যে, তাঁদের নিজ নিজ বিভাগের কার্যক্রম যথাযথ ও সুন্দর ভাবে চলমান আছে। সর্বসাধারণ নিয়মিত ভাবে সেবা গ্রহণ করছে।	বিভাগীয় কার্যক্রম আরো সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার জন্য উপস্থিত সকলেই অনুরোধ	সংশ্লিষ্ট বিভাগের প্রধানগণ।

জ্ঞানান ।

সভায় অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন ।

(মো: লিয়াকত আশী)




জাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ ।

স্মারক নংঃ

তারিখ:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ ।
২. উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ ।




(মোহাম্মদ আব্দুস ছালাম)

উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
শাহজাদপুর, সিরাজগঞ্জ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি সভায় সদস্যগণের উপস্থিতির তালিকা

তারিখ: ৬/২/২২

ক্রমিক নং	সদস্যগণের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মো: লিয়াকত আলী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি		
০২	জনাব এলিজা খান এহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সদস্য		
০৩	জনাব মো: আলমগীর জাহান চেয়ারম্যান, পোতাজিয়া ইউপি	সদস্য		
০৪	জনাব ডিজিএম, পল্লী বিদ্যুৎ, শাহজাদপুর	সদস্য		
০৫	জনাব সহকারী প্রকৌশলী (পানাসি), বিএডিসি	সদস্য		
০৬	জনাব মোহাম্মদ আব্দুস ছালাম উপজেলা কৃষি অফিসার, শাহজাদপুর	সদস্য সচিব	